# ট্রান্সওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেন্ডার, জুলাই ২০২৪।

**১. ধন্যবাদ দেওয়া –** 'তোমরা সদাপ্রভুর প্রশংসা কর; সদাপ্রভুর স্তব কর, কেননা তিনি মঙ্গলময়, তাঁহার দয়া অনন্তকালস্থায়ী' (গীতসংহিতা ১০৬:১)। আমরা যখন ধন্যবাদ দিই তখন আমরা যে উপহার পেয়েছি সেটা স্বীকার করি। কৃতজ্ঞতাবোধ আমাদের হৃদয়কে আনন্দে ভরে তোলে। এবং একটি আনন্দময় হৃদয় থেকে ধার্মিকতা এবং শালীনতা প্রভাবিত হয়।

**২. প্রভুর জন্য সর্বস্য –** 'আর বাক্যে কি কার্য্যে যাহা কিছু কর, সকলই প্রভু যীশুর নামে কর, তাঁহার দ্বারা পিতা ঈশ্বরের ধন্যবাদ করিতে করিতে ইহা কর।'(কলসীয় ৩:১৭)। আমাদের লক্ষ্য যদি প্রভু হন, তখন আমাদের সমস্ত কাজ যেন মঙ্গলময় হয় সেটাই আমাদের সঙ্কল্প হবে।

**৩. ধন্য –** 'ধন্য সেই জন, যে দীনহীনের পক্ষে চিন্তাশীল; বিপদের দিনে সদাপ্রভু তাহাকে নিস্তার করিবেন।' প্রভু, আমার চোখ খুলে দিন যেন আমার সাহায্য যাদের প্রয়োজন, তাদের আজ আমি দেখতে পাই আর আপনার ধার্মিকতা প্রদর্শন করতে আমাকে অনুমতি দিন।

**৪. ভাগ করে নেওয়া –** 'এই বর্ত্তমান সময়ে তোমাদের উপচয়ে উহাদের অভাব পূর্ণ হউক, যেন আবার উহাদের উপচয়ে তোমাদের অভাব পূর্ণ হয়, এইরূপে যেন সাম্যভাব হয়' (২ করিন্থীয় ৮:১৪)। আমরা যখন অন্যদের যত্ন নিই, তখন ঈশ্বর আমাদেরও যত্ন নেন আর তিনি চান যেন আমাদের সম্পর্কগুলি শক্তিশালী হয়।

**৫. আমোদ –** 'আর সদাপ্রভুতে আমোদ কর, তিনি তোমার মনোবাঞ্ছা সকল পূর্ণ করিবেন' (গীতসংহিতা ৩৭:৪)। আমরা পুরুষেরা যখন প্রভুতে আনন্দ ব্যতীত অন্য সমস্ত কিছুতে আমাদের পরিপূর্ণতা খুঁজি, তখন বিবাহের অত্যন্ত অন্তরঙ্গ সম্পর্কেও আমরা হতাশ হই।

**৬. বিচক্ষণতা –** 'অতএব তোমার প্রজাদের বিচার করিতে ও ভাল মন্দের বিশেষ জানিতে তোমার এই দাসকে বুঝিবার চিত্ত প্রদান কর' (১ রাজাবলি ৩:৯)। যতদিন শলোমন ঈশ্বরের অন্বেষণ করেছিলেন এবং বিচক্ষণতায় শাসন করেছিলেন, ঈশ্বরের লোকেরা সত্যিকারে আশীর্বাদযুক্ত হয়েছিল। বিনম্র হন আর ঈশ্বরের প্রজ্ঞা যাচ্ঞা করুন যাতে বিচক্ষণতায় আপনার পরিবারকে নেতৃত্ব দিতে পারেন।

**৭. স্থিরসংকল্প –** 'তোমরা জাগিয়া থাক, বিশ্বাসে দাঁড়াইয়া থাক, বীরত্ব দেখাও, বলবান্ হও। তোমাদের সকল কার্য্য প্রেমে হউক।' (করিন্থীয় ১৬:১৩-১৪)। এই উপদেশকে অনেকে বলেছেন এটি 'হউক-হোক-থাক-হোক'! এটা সত্যি যে ঈশ্বরের ইচ্ছা পালন **করা**র আগে, আমাদের আগে তাঁর শিষ্য হতে, এবং তাঁর বাক্য শ্রবণ করতে **হবে**। আপনার হৃদয়ে স্থিরসঙ্কল্প করুন যেন এমনই একজন হতে পারেন।

**৮. কালনির্ণয় –** 'সকল বিষয়েরই সময় আছে, ও আকাশের নীচে সমস্ত ব্যাপারের কাল আছে।' (উপদেশক ৩:১)। প্রভুকে আপনাকে ধৈর্য্য এবং আত্মসংযম শিখাতে দিন। এমন একজন পুরুষ মানুষ হন যিনি ঈশ্বরের আত্মার ক্ষুদ্র শব্দ শ্রবণ করতে মনোযোগ দেন এবং তাঁর পথে আর সময়ে গমনাগমন করেন।

**৯. চেতনা –** 'খ্রীষ্টের বাক্য প্রচুররূপে তোমাদের অন্তরে বাস করুক; তোমরা সমস্ত বিজ্ঞতায় গীত, স্তোত্র ও আত্মিক সঙ্কীর্ত্তন দ্বারা পরস্পর শিক্ষা ও চেতনা দান কর।' (কলসীয় ৩:১৬)। খ্রীষ্টে ভ্রাতা হওয়ার কারণে আমরা একে অপরের প্রতি দায়িত্বশীল। ঈশ্বরের বাক্যশ্রবণকারী এবং তার সাথে গমনাগমনকারী পুরুষ হোন। খ্রীষ্টের সাথে আপনার অভিজ্ঞতার সাক্ষী হোন এবং তাঁর অন্বেষণ করতে আপনার বন্ধুদের উৎসাহ দিন।

**১০. শক্তগ্রীব –** 'যে পুনঃ পুনঃ অনুযুক্ত হইয়াও ঘাড় শক্ত করে, সে হঠাৎ ভাঙ্গিয়া পড়িবে, তাহার প্রতীকার হইবে না।' (হিতোপদেশ ২৯:১)। প্রেরিত ৭ অধ্যায়ে যিহূদি অধ্যক্ষদের স্তিফান শক্তগ্রীব বলে সম্মোধন করেছিলেন কারণ তারা ঈশ্বরের আত্মাকে প্রতিরোধ করেছিল। তাদের পরিসমাপ্তি বিনাশ ছিল। তিরস্কৃত হলে সংবেদনশীল হোন। ঈশ্বর নম্রমনাদের অনুগ্রহ দান করেন।

**১১. নির্যাতন –** 'কেননা আমি স্ত্রীত্যাগ ঘৃণা করি, ইহা ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু কহেন; আর যে আপন পরিচ্ছদ দৌরাত্ম্যে আচ্ছাদন করে, [তাহাকে ঘৃণা করি,।' (মালাখি ২:১৬)। মানবজাতির পতনের পর থেকে এই জগতের অধিপতি সব সময়ে চেয়েছে যেন বিবাহ এবং পরিবার সম্বন্ধে ঈশ্বরের পরিকল্পনাকে ধ্বংস করতে পারে। পুরুষেরা, সতর্ক হোন আর খ্রীষ্ট যেমন মণ্ডলীকে প্রেম করেন সেই ভাবে আপনার স্ত্রীকে প্রেম করার আপনার ভূমিকাকে গ্রহণ করুন।

**১২. লালসা –** '....ঈশ্বরপ্রিয় নয়, বরং বিলাসপ্রিয় হইবে' (২ তীমথিয়ে ৩:৪)। বাইবেল যেমন বলে তেমনই আমরা বিষম সময়ে বসবাস করছি। আমাদের এই যুগের সবচেয়ে সাধারণ মন্দতা হচ্ছে মাদকের ব্যবহার, পতিতাবৃত্তি, এবং আত্মভোগ করা। কিন্তু আপনার ক্ষেত্রে, প্রভুর অন্বেষণ করা আপনার প্রথম কাজ হোক এবং তাহলে মন্দতার আক্রমন প্রতিহত করতে আপনি সক্ষম হবেন।

**১৩. ন্যায়বিচারের অনুধাবন –** 'তাঁহারা আমাদিগকে বিচারে দোষী না করিয়া সর্ব্বসাধারণের সাক্ষাতে প্রহার করাইয়া....এক্ষণে কি গোপনে আমাদিগকে বাহির করিয়া দিতেছেন? তাহা হইবে না; তাঁহারা নিজে আসিয়া আমাদিগকে বাহিরে লইয়া যাউন।' (প্রেরিত ১৬:৩৭)। সুসমাচারের জন্য পৌলকে প্রহার করা এবং কারাগারে নিক্ষেপ করা। কিন্তু তিনি তাঁর আইনগত অধিকার সম্বন্ধে অবগত ছিলেন। নির্যাতন বৃদ্ধির সঙ্গে সঙ্গে সেই বিষয় অবহিত হোন। শক্তির অবাধ অপব্যবহারের বিরুদ্ধে রুখে দাঁড়ান।

**১৪. মন্দের প্রতিরোধ করুন –** 'অতএব তোমরা ঈশ্বরের বশীভূত হও; কিন্তু দিয়াবলের প্রতিরোধ কর, তাহাতে সে তোমাদের হইতে পলায়ন করিবে।' (যাকোব ৪:৭)। শয়তানকে পরাস্ত করার শক্তি একমাত্র ঈশ্বরের আছে। নম্রতার সাথে প্রভুর বশীভূত হোন আর আপনার দ্বারা তাঁকে কাজ করতে দিন। আপনি তাঁর শক্তির অভিজ্ঞতা লাভ করবেন, দুর্বলতায় পূর্ণতাপ্রাপ্ত হবেন, এবং পাপের উপরে জয়লাভ করবেন।

**১৫. আসক্তি থেকে পলায়ন করুন –** 'তুমি যৌবনকালের অভিলাষ হইতে পলায়ন কর; এবং যাহারা শুচি হৃদয়ে প্রভুতে ডাকে, তাহাদের সহিত ধার্ম্মিকতা, বিশ্বাস, প্রেম ও শান্তির অনুধাবন কর।' (২ তীমথিয় ২:২২)। আপনার অভ্যন্তরীন স্বভাব এবং আপনার সম্পর্ক আপনার সিদ্ধান্তকে প্রভাবিত করে। আপনার হরমোন এবং প্রবৃত্তিগুলিকে প্রতিহত করুন এবং সেগুলি থেকে পলায়ন করুন। ঈশ্বরের মাপকাঠি যাঁরা অন্বেষণ করেন তাঁদের সঙ্গে যুক্ত হোন।

**১৬. আপনার উত্তরাধিকার গ্রহণ করুন -** হে প্রভু, খ্রীষ্টে আপনি আমার জন্য একটি অপূর্ব উত্তরাধিকার প্রদান করেছেন। আপনি, আমার দায়াংশ – আমার সর্বেসর্বা। আমার যা কিছু প্রয়োজন তার সবই আপনার মধ্যে পাই। ঈশ্বর, আপনার ধন্যবাদ করি, কারণ খ্রীষ্টের সাথে আমার মিলনের কারণে, আমি একটা অপূর্ব দায়াধিকার প্রাপ্ত হয়েছি। আপনার গৌরবের জন্য জীবনযাপন করতে দিন। (ইফিষীয় ১:১১-১২)

**১৭. উত্তরাধিকারের প্রমাণ -** ধন্য পবিত্র আত্মার মাধ্যমে আমাকে আপনার জীবন প্রদান করে আমার উত্তরাধিকার আমার সামনে তুলে ধরার জন্য, প্রভু আপনাকে ধন্যবাদ জানাই। যে

মুহূর্তে আমি প্রভু যীশু খ্রীষ্টে বিশ্বাস করেছি, আমি আপনার সাথে একাত্মা হয়ে গেছি। সুতরাং, আমি এখন নিরাপদ। আমার অন্তরে থাকা আপনার আত্মা আমাকে অনন্তজীবনের নিশ্চয়তা দেয়।(ইফিষীয় ১:১৩-১৪)।

**১৮. প্রত্যাদেশ -** দয়াময় ঈশ্বর, যাতে আমি আপনাকে জানতে পারি, এবং অন্যদের আপনাকে জানাতে পারি তার জন্য আপনার আত্মাকে আমাকে প্রদান করার জন্য আপনার ধন্যবাদ দিই। আমি বিনতি করি যে আপনি আমাকে খ্রীষ্টের জ্ঞানে প্রজ্ঞা ও প্রত্যাদেশের আত্মা দান করুন যাতে আমি আপনার পথ সকল জ্ঞাত হই। আমার কার্য্যে ও বাক্যে আপনি আমাকে ধার্মিক জ্ঞান ব্যবহার করতে দেবেন, এই বিষয় আমি আপনার উপরে আস্থা রাখি। (ইফিষীয় ১:১৭)

**১৯. চিহ্ন** - হে প্রভু যীশু, আপনার ওপর আস্থা রাখতে আমাকে কত কঠিন সময়ের মধ্যে দিয়ে যেতে হয়েছে। মাঝে মাঝে মনে হয়েছে আমার আশ্বস্ত হতে একটা চিহ্নের প্রয়োজন, কিন্তু এখন আমি উপলব্ধি করি সবচেয়ে উৎকৃষ্ট চিহ্ন তো আমি ইতিমধ্যেই পেয়ে গেছি – আপনার মৃত্যু ও পুনরুত্থান। ক্রুশ আমাকে দেখায় যে আপনি প্রেমময়, আর পুনরুত্থান দেখায় যে আপনি সর্বশক্তিমান। এই চিহ্নই আমার পক্ষে যথেষ্ঠ! (মথি ১২:৩৯-৪০)

**২০. ঈশ্বরের পথে -** হে ঈশ্বর, আমি বুঝতে পারছিলাম যে আমি ভুল পথে অগ্রসর হচ্ছিলাম। আমার জীবনের জন্য আমাকে তিরস্কার করার জন্য আপনাকে ধন্যবাদ দিই। আমার পথগুলিতে যা যা ভুল ছিল তা আপনি আমাকে দেখিয়ে দিয়েছেন। তাই আমি অনুতপ্ত। আমি আমার পুরাতন পথ থেকে আপনার দিকে, জীবনের পথে ফিরেছি। আমাকে আত্মাতে পরিপূর্ণ করুন এবং আপনার বাক্যে মনোযোগ করতে সাহায্য করুন। আমি সঠিক পথে চলতে চাই। (হিতোপদেশ ১:২৩)

**২১. ধন্য** – 'ধন্য সেই ব্যক্তি, যে....সদাপ্রভুর ব্যবস্থায় আমোদ করে, তাঁহার ব্যবস্থা দিবারাত্র ধ্যান করে।....আর সে যাহা কিছু করে, তাহাতেই কৃতকার্য্য হয়।' (গীতসংহিতা ১:১-৩)। প্রার্থনা করুন এমনই একজন ব্যক্তি হতে প্রভু যেন আপনাকে সাহায্য করেন।

**২২. ঈশ্বরের সঙ্গে গমনাগমন করুন** – মথূশেলহের পিতা হনোকের বিষয় লিখিত আছে, 'হনোক ঈশ্বরের সহিত গমনাগমন করিতেন।' (আদিপুস্তক ৫:২৪)। প্রার্থনা করুন যে ঈশ্বর তাঁর অনুগ্রহ দ্বারা আপনাকে এমন ভাবে জীবনযাপন করতে দিন যাতে সেই একই কথা আপনার বিষয়েও বলা যায়।.

**২৩. আত্মিক বৃদ্ধি** – আপনার কি অনেক সময়ে সন্দেহ হয় যে আপনার কার্যক্ষেত্রে সত্যিকরে কোনো আত্মিক বৃদ্ধি হচ্ছে? যদি তাই হয়, তবে দুশ্চিন্তা করবেন ন। বরং, প্রভুকে ধন্যবাদ দিন যে তিনি তাঁর জ্ঞানে ও সময়ে ফসল ফলাবার জন্য যত্ন নেবেন। "ঈশ্বরই বৃদ্ধি দিয়ে থাকেন" (১করিন্থীয় ৩:৭)।

**২৪. স্বাধীন ভাবে আমন্ত্রণ করুন** – খ্রীষ্টের অনুসারী হিসাবে, আপনার সঙ্গে স্বর্গের পথে অগ্রসর হতে আপনি স্বাধীন ভাবে অন্যদের আমন্ত্রণ জানাতে পারেন। প্রার্থনা করুন যেন আপনার বাক্যে ও কার্য্যে যে সাক্ষ্য আপনি দিচ্ছেন তার দ্বারা অনেক মানুষ যীশু খ্রীষ্টকে পরিত্রাতা রূপে গ্রহণ করতে পারেন এবং অনন্তজীবনের অধিকারী হতে পারেন। (যোহন ৬:৪৭)

**২৫. ভালো ভাবে শেষ করুন –** 'আমি উত্তম যুদ্ধে প্রাণপণ করিয়াছি, নিরূপিত পথের শেষ পর্য্যন্ত দৌড়িয়াছি, বিশ্বাস রক্ষা করিয়াছি।' (২ তীমথি ৪:৭)। একটি দৌড় প্রতিযোগিতায় শেষটাই গুরুত্বপূর্ণ। আপনার কী আছে বা আপনি কী জানেন অথবা আপনি কী করেন তা নয় কিন্তু

আপনি কে সেটাই নিষ্পত্তিমূলক। আপনি কে খ্রীষ্টের একজন শিষ্য যিনি উত্তম যুদ্ধে প্রাণপণ করেছেন? প্রার্থনা করুন যেন প্রেরিত পৌলের মতো আপনি নিরূপিত পথের শেষ পর্যন্ত দৌড়াতে পারেন। বিশ্বাস রক্ষা করুন।

**২৬. প্রেম –** 'কিন্তু আত্মার ফল প্রেম' (গালাতীয় ৫:২২)। ঈশ্বরের প্রেমের শ্রেষ্ঠত্ব ক্রুশের উপরেই সবচেয়ে উত্তম ভাবে প্রদর্শিত হয়েছে। সেখানেই তিনি তাঁর একমাত্র পুত্র, যীশু খ্রীষ্টকে, জগতের পাপের উদ্দেশে দান করেছেন। সেই একই, নিঃস্বার্থ প্রেম, পবিত্র আত্মা আমার এবং আপনার হৃদয়ে গড়ে তুলতে চান। আসুন আমাদের অহংবোধকে সমর্পণ করি এবং তাঁকে শাসন করতে দিই।

**২৭. আনন্দ –** 'কিন্তু আত্মার ফল....আনন্দ'(গালাতীয় ৫:২২)। যখন ঈশ্বরের প্রেম আমাদের হৃদয়কে শাসন করে তখন আনন্দ আমাদের বিস্মিত করে। প্রেমের মতোই এটি আত্মার একটি ফল এবং নির্ধারণকারী। আমরা যখন খ্রীষ্টে সমর্পিত হই, তাঁর আত্মা আমাদের মধ্যে অকৃত্রিম প্রেম রোপণ করেন। এই আশ্চর্য্যজনক প্রেমের জন্য প্রভুকে ধন্যবাদ দিন যা যে কোনো সমস্যা এবং প্রতিকূল পরিস্থিতিতে চাপিয়ে যায়।

**২৮. শান্তি –** 'কিন্তু আত্মার ফল....শান্তি' (গালাতীয় ৫:২২)। যখন ঈশ্বরের আত্মা আমাদের শাসন করেন তখন আমরা শান্তি ও সম্প্রীতি অনুভব করি। ক্রুশের উপরে খ্রীষ্টের পরিত্রাণকারী কার্য্যের কারণে আমাদের পাপের ক্ষমা হয়েছে। আমাদের জীবন এখন নিরাপদ কারণ আমরা এখন ঈশ্বরের সন্তানে পরিণত হয়েছি। ঈশ্বরের প্রেম ভাগ করে নিতে এবং একজন শান্তিস্থাপনকারী হওয়ার জন্য প্রার্থনা করুন।

**২৯. দীর্ঘসহিষ্ণুতা –** 'কিন্তু আত্মার ফল....দীর্ঘসহিষ্ণুতা' (গালাতীয় ৫:২২)। এটি হচ্ছে এমন একটি চারিত্রিক বৈশিষ্ট যার অভাব বেশির ভাগ পুরুষদের মধ্যে দেখা যাচ্ছে। চাপের মধ্যে প্রতীক্ষা করাও হচ্ছে এর অন্তর্গত। পবিত্র আত্মার জন্য প্রার্থনা করুন যেন তিনি আপনার চিন্তার ধরণকে পবিত্র করেন আর আপনার আবেগগুলিকে নিয়ন্ত্রণ করেন যাতে আপনি তাঁর সময় এবং ইচ্ছাকে নির্ধারণ করতে পারেন।

**৩০. মাধুর্য্য –** 'কিন্তু আত্মার ফল...মাধুর্য্য' (গালাতীয় ৫:২২)। আমরা অন্য মানুষদের সঙ্গে কি রকম ব্যবহার করছি সেটাই ঈশ্বরের সাথে আমাদের সম্পর্কের গুণমান নির্ধারণ করে। ঈশ্বর প্রেম। তিনি আপনার মধ্যে দিয়ে আপনার স্ত্রী, পরিবার এবং অন্যদের ভালোবাসতে চান। প্রার্থনা করুন যেন সংবেদনশীল হতে পারেন ও অন্যদের প্রয়োজন বুঝতে পারেন এবং সঠিক উদারতা প্রদর্শন করতে পারেন।

**৩১. মঙ্গলভাব –** 'ক্লেশাপন্ন পিতৃমাতৃহীনদের ও বিধবাদের তত্ত্বাবধান করা, ....পিতা ঈশ্বরের কাছে শুচি ও বিমল ধর্ম্ম।' (যাকোব ১:২৭)। যখন যুদ্ধ বা মৃত্যু সন্তানদের কাছ থেকে তাদের পিতাদের অথবা মহিলাদের কাছ থেকে তাদের স্বামীদের কেড়ে নেয় তখন তারা দুর্ব্যবহারের স্বীকার হয়ে পড়ে। এমন একজন পুরুষ হন যিনি শুচি ধর্ম্ম পালন করেন। তাদের প্রতি মঙ্গলভাব দেখাবার জন্য উপায় খুঁজে বার করুন।